



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
বন্দর ভবন, চট্টগ্রাম- ৪১০০  
www.cpa.gov.bd  
নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০৭/২০১৭

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহ্বান করছে :-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জ্যঃবেঃস্কেল- ২০১৫	১২/০৯/২০১৭ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	ইকুইপমেন্ট কাম-মটর ড্রাইভার	২৮	টাঃ ৯৭০০-২৩৪৯০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৩০ বৎসর	ক) ৮ম শ্রেণী পাশ, এসএসসি পাশ হইলে অগ্রাধিকার দেয়া হবে। হেভী ভেহিকেল ও লাইট ট্রাকপোর্ট ড্রাইভিং এর সনদ থাকিতে হইবে। খ) হেভী ভেহিকেল/লাইট ট্রাকপোর্ট ড্রাইভিং এ কমপক্ষে ০৩ বৎসরের অভিজ্ঞতা।

**অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী :**

- ১। আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট- [jobscpa.org](http://jobscpa.org) তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে।
- ২। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ X ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০ X ৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে।
- ৩। অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ১০০/- (একশত) টাকা।
- ৪। আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইনে আবেদন করার ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনের প্রিন্ট/হার্ড কপির সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমানস্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয় পত্র, ড্রাইভিং লাইসেন্স, অভিজ্ঞতা সনদ প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ প্রভৃতির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- ৫। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে।
- ৬। নিয়োগের ব্যাপারে সরকারী বিধি অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে।
- ৭। অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে [hr@cpa.gov.bd](mailto:hr@cpa.gov.bd) ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে।
- ৮। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- ৯। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১০। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১১। অন-লাইনে আবেদন গ্রহণ শুরু সময় :- ০৬/০৮/২০১৭ খ্রিঃ সকাল ১০-০০ টা।
- ১২। অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময় :- ১২/০৯/২০১৭ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত।
- ১৩। সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখ - ১৪/০৯/২০১৭ খ্রিঃ।

  
(সাদেকা বেগম)

পরিচালক (প্রশাসন)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ